দৈনিক ইত্তেফাক

তারিখ ..26. DEC 1988
পৃষ্ঠা... 2 ...কলাম 7......

## শিক্ষকদের বেতন প্রসঙ্গে

সরকার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতনের সরকারী অংশ মাসে মাসে দেওয়ার কথা বার বার ঘোষণা করিলেও বিভিন্ন পদ্ধতিগত জটিলতার কারণে তাহা মাসে মাসে পাওয়া যায় না। সবেমাত্র সেপ্টেম্বর মাসের টাকা ডিসেম্বর মাসে পাওয়া গেল। ইতিমধ্যে শিক্ষামন্ত্রী মহোদয়ের ঘোষণা অনুযায়ী আরও দুই মাসের অর্থাৎ অক্টোবর-নভেম্বর মাসের টাকার চেকও সংশ্লিষ্ট ব্যাংকের কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হইয়াছে। প্রায়ই দেখা যায় ব্যাংক কর্তৃপক্ষ এই টাকা লইয়া অহেতুক জটিলতা ও হয়রানি করিয়া থাকেন। জানা গিয়াছে যে, জুন এবং ডিসেম্বরে ব্যাংকের ব্যালেন্সে মোটা অংকের টাকা দেখানোর জন্যই ব্যাংক কর্তৃপক্ষের এই কারসাজি। তিন মাস পর শিক্ষকদের এক মাসের আসা টাকা লইয়া এই হয়রানি বন্ধ করার জন্য কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাইতেছি।

—তিলোত্তমা চাকমা, সহকারী শিক্ষিকা, করৈপাড়া উচ্চ বিদ্যালয়, বান্দরবান, চট্টগ্রাম (পার্বত্য)।